

তারিখ
পৃষ্ঠা ৩ কলাম ৪

ঢাকা পলিটেকনিকে জমজমাট নবীনবরণ

গত ১৩ ফেব্রুয়ারী ২০০২ বুধবার বসন্তের প্রথম দুপুরে উদ্বোধিত হল ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটে এক জমজমাট নবীনবরণ অনুষ্ঠান। ইনস্টিটিউটের রেজিস্ট্রারশন এড এয়ার কন্ট্রোলিং টেকনোলজি অ্যাসোসিয়েট এই নবীনবরণ অনুষ্ঠানে সমবেত হয়েছিল প্রায় দুই শতাধিক নবীন-প্রার্থী শিক্ষার্থী। সে ঘন এক প্রায়শ্চল্ল মিলন মেলা। সবার অগ্রাধী দৃষ্টি ছিল অনুষ্ঠানের অতিথিদের দিকে। অতিথিদের আসন গ্রহণের মধ্য দিয়ে অনুষ্ঠান প্রায়শ্চল্ল হতে থাকে। সভাপতি হিসেবে আসন অলংকৃত করেন পাওয়ার টেকনোলজির চীফ ইন্সট্রাক্টর জনাব একে এম জরনাল আবেদীন। সভাপতির অনুমতিক্রমে অনুষ্ঠান শুরু হয়। পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন ফাহাদ হোসেন। এরপর নবীনদের ফুল দিয়ে বরণ করে নেয়া হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি এবং সভাপতিকে ফুলের তোড়া দিয়ে

অভিনন্দন জানানো হয়। নবীনদের উদ্দেশে বরণমালা পাঠ করেন সোহাগ হুইয়া। অতিথি বক্তব্য রাখেন মোঃ রাজিব, হুমায়ুন কবির, ফজলুল হক এবং মোস্তাফিজুর রহমান। বিশেষ অতিথির বক্তব্য রাখেন জনাব মোঃ মোজাহ্দের হোসেন এবং S.R.A.D.E.B.-এর সাধারণ সম্পাদক মোঃ মনির হোসেন। প্রধান অতিথির বক্তব্যে ডি.পি.আই.-এর ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোঃ রফিকুল ইসলাম বলেন, দেশে নতুন কর্মক্ষেত্র গড়ে তুলতে কারিগরি শিক্ষার্থীদের অবদান অনবদ্য। এরপর সভাপতির বক্তব্যের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। অনুষ্ঠান শেষে আপ্যায়ন এবং সাংস্কৃতিক পর্ব চলতে থাকে। পুরো অনুষ্ঠানটি জমজমাটভাবে পরিচালিত হয় মোজাহ্দের প্রধান এবং মাসুদ, মঞ্জুর উপস্থাপনায়।

□ মোজাহ্দের প্রধান